

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

নং-৪৬.০৪২.০১৪.২৮.০২.০২৮.২০১৪.১২৪

তারিখঃ ২০/০৪/২০১৬।


বিষয় : সিরাজগঞ্জ জেলার কাজিপুর উপজেলায় ৫০০ আসন বিশিষ্ট শহীদ এম. মনসুর আলী আধুনিক অডিটরিয়াম নির্মাণ কাজের দর অনুমোদন।

সূত্রঃ সিরাজগঞ্জ জেলা পরিষদ কার্যালয়ের স্মারক নং- জেপসি/১২৪, তারিখঃ ২০/৩/২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সিরাজগঞ্জ জেলা পরিষদের দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ অনুযায়ী কাজিপুর উপজেলায় জেলা পরিষদের মালিকানাধীন ৪৯.৫০ শতক জায়গায় ৫০০ আসন বিশিষ্ট শহীদ এম, মনসুর আলী আধুনিক অডিটরিয়াম নির্মাণ প্রকল্পটি বাস্তবায়নের লক্ষ্যে ৩.৯৬% নিম্নদরে প্রকল্প বাস্তবায়ন লিমিটেড, ৬৭/৯ পাইওনিয়ার রোড, কাকরাইল, ঢাকা কর্তৃক দাখিলকৃত ৬,৬৫,২৫,৩৯৫/- (ছয় কোটি পয়ষট্টি লক্ষ পঁচিশ হাজার তিনশত পঁচানব্বই) টাকার দর নিম্নে বর্ণিত শর্তে অনুমোদন দেয়া হলো :

শর্তসমূহঃ

- ১) অবশিষ্ট প্রয়োজনীয় অর্থ জেলা পরিষদের এডিপি/রাজস্ব/সাশ্রয়কৃত তহবিল হতে সংস্থান করতে হবে ;
- ২) পিপিআর ২০০৮ এবং এতদসংক্রান্ত সকল বিধি বিধান অনুসরণপূর্বক প্রকল্পটি বাস্তবায়ন করে মন্ত্রণালয় একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে।

  
২০/৪/১৬  
(জুবাইদা নাসরিন)  
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-[lgzp@lgd.gov.bd](mailto:lgzp@lgd.gov.bd)

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, সিরাজগঞ্জ।

অনুলিপি-(জ্ঞাতার্থে/কার্যার্থে):

- ১। মহাপরিচালক (মইইউইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, রাজশাহী।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী (অনুমোদিত প্রকল্পটি সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। প্রশাসক, জেলা পরিষদ, সিরাজগঞ্জ।
- ৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।